

লিন্ডে বাংলাদেশ লিমিটেড
বার্ষিক সাধারণ সভার বিজ্ঞপ্তি



এতদ্বারা এই মর্মে বিজ্ঞপ্তি প্রদান করা যাচ্ছে যে, লিন্ডে বাংলাদেশ লিমিটেড-এর ৪২তম বার্ষিক সাধারণ সভা আগামী ৩০ এপ্রিল ২০১৫, রোজ বৃহস্পতিবার, সকাল ১০টা ৩০ মিনিটে অফিসার্স ক্লাব, ২৬ বেইলী রোড, রমনা, ঢাকা ১০০০-এ অনুষ্ঠিত হবে। সভার আলোচ্যসূচী নিম্নরূপ:

- ১। ৩১ ডিসেম্বর ২০১৪ সমাপ্ত বছরের হিসাব, অডিটরদের এবং পরিচালকমন্ডলীর প্রতিবেদন গ্রহণ ও অনুমোদন।
- ২। ৩১ ডিসেম্বর ২০১৪ সমাপ্ত বছরের জন্য লভ্যাংশ ঘোষণা।
- ৩। পরিচালক নির্বাচন।
- ৪। অডিটর নিয়োগ ও পারিশ্রমিক নির্ধারণ।

পরিচালকমন্ডলীর আদেশক্রমে

এঞ্জেল এ এস বিশ্বাস
ভারপ্রাপ্ত কোম্পানী সচিব
২৬ ফেব্রুয়ারি ২০১৫

রেজিস্ট্রিকৃত কার্যালয়
কর্পোরেট অফিস
২৮৫ তেজগাঁও শি/এ
ঢাকা ১২০৮

টীকা:

- ১। যে সকল শেয়ারহোল্ডারগণের নাম রেকর্ড ডেট ১০ মার্চ ২০১৫ পর্যন্ত কোম্পানীর সদস্য বহি কিংবা ডিপোজিটরী বহিতে বৈধভাবে থাকবে তাদের হস্তান্তরিত শেয়ারসমূহের জন্য উক্ত শেয়ার গ্রহীতা সাধারণ সভায় যোগদানের এবং লভ্যাংশ লাভের যোগ্য বলে বিবেচিত হবেন।
- ২। বার্ষিক সাধারণ সভায় যোগদানের যোগ্য সদস্য তার পক্ষে সভায় যোগদান ও ভোট প্রদানের জন্য একজন প্রক্সি নিয়োগ করতে পারেন। নিজ অধিকারে সভায় যোগদান ও ভোট প্রদানে সক্ষম না হলে কোন ব্যক্তি প্রক্সি হিসেবে কাজ করতে পারবেন না।
- ৩। যথাযথভাবে পূরণকৃত প্রক্সি ফর্ম অবশ্যই ২৭ এপ্রিল ২০১৫ সোমবার সকাল ১০টা ৩০ মিনিটের মধ্যে কোম্পানীর রেজিস্ট্রিকৃত কার্যালয়ে জমা দিতে হবে, অন্যথায় তা বৈধ বলে বিবেচিত হবে না।
- ৪। রেজিস্ট্রেশন সকাল ৮:০০ ঘটিকা হতে শুরু হবে।
- ৫। বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশনের প্রজ্ঞাপন অনুযায়ী বার্ষিক সাধারণ সভাতে কোন প্রকার উপহার বা নগদে ভাতা প্রদানের ব্যবস্থা থাকবে না।